বিশ্বভারতী विश्वभारती VISVA-BHARATI
(A Central University and an Institute of National Importance)

World Heritage Site
As Inscribed by UNESCO on 17 September, 2023


# LIFE-WORLD


## E-MAGAZINE 2025

DEPARTMENT OF PHILOSOPHY & COMPARATIVE RELIGION
VISVA-BHARATI, SANTINIKETAN









# Life-world
# E-Magazine, 2025

Published By: **Department of Philosophy and Comparative Religion, Visva-Bharati, Santiniketan**
Published On: **December, 2025**

**EDITORS**

**Research Scholars of 2024-25**

Snigdha Bardhan
Sourav Garain
Indrani Giri
Soumi Bhalla
Ilora Nath
Jannadul Islam
Farhad Ahmed

Special Thanks to **Mr. Kunal Singh** (PG Student, Philosophy) for Designing the Cover Page


*Dedicated to*


***Dr. Latika Chattopadhyaya,***

*Our department's first doctoral graduate (1960).*

*We celebrate your lasting legacy and the foundation you built for our academic community.*





| CONTENTS | PAGE NO. |
|---|---|
| EDITORIAL | 01 |
| FROM THE PRINCIPAL'S DESK | 02 |
| POEMS: | |
| वो जो थकते नहीं/ स्नेहलता नंद | 03 |
| Ankit Bawanthade | 04 |
| মোহনদাস/অরিত্র দাস বৈরাগ্য | 05 |
| রক্তকরবী/ শুভজিৎ দাস | 05 |
| মৃত্যু/ সাদিকুল সেখ | 06 |
| 14 Lines For 14th July/ Sk Kawsar Ali | 07 |
| কেমন আছো লেনিন/ সাদিকুল সেখ | 08 |
| জলজ স্পর্শের নিদাঘ স্বপ্ন/ কাইফ | 09 |
| A Plea From The Voiceless/ Neeraj Singh Danu | 11 |
| Conscientização (Critical Consciousness) /Cowboy(Bāgāl) | 12 |
| আমার রবীন্দ্রনাথ/ বর্ণালী মোদক | 13 |
| কবিগুরু স্মরণে/ অহনা দে | 13 |
| অনুবাদ কবিতা/ লরেলাই/ হাইনরিখ হাইনে/ ভাষান্তর: স্নিগ্ধা বর্দ্ধন | 14 |
| SHORT STORIES: | |
| Doubt/ Phra Jakkapan Komon | 15 |
| The Journey Of A Poorest Monk/ Phra Jakkapan Komon | 16 |
| ECHOES OF A PLACE: | |
| আমাদের শান্তিনিকেতন/ দীপঙ্কর মণ্ডল | 18 |
| শান্তিনিকেতন ও ঋতু-আলাপন/ ফারহানা পারভিন | 20 |
| Towards A New Horizon/ Aishumna Subba | 22 |
| শান্তিনিকেতনে নিমন্ত্রণ/ শবনম সোভানা খাতুন | 23 |
| PHILOSOPHICAL REFLECTIONS: | |
| Does One's Social Location Affect Philosophisation And Reproduction Of Knowledge?/ M P Terence Samuel | 26 |
| জীবনের সিঁড়ি: অস্তিত্বের অনড় উর্দ্ধযাত্রা : দার্শনিক পাঠ ও প্রতিফলন/ফরহাদ আহমেদ | 28 |
| বিপাশ্যনা- আত্মচেতনার এক গভীর যাত্রা/ কাকলী গুপ্ত | 31 |
| The Gītā Bhāṣya as a Bridge between Śruti and Smṛti: Śaṅkarācārya's Theological Strategy/ Dipankar Halder | 33 |
| The Fuzzy Politics Of The Cute/ Shruti Choudhury | 38 |
| THE UNHEARD VOICES OF OUR CLEANING CREW | 40 |
| VISUAL VOICES | 45 |

# EDITORIAL

Welcome to "Life-world", the inaugural issue of the e-magazine of the department of Philosophy and Comparative Religion, Visva-Bharati, Santiniketan. This publication is dedicated to showcasing and inspiring the creative and critical talents of the members of our department. The present issue of the e-magazine is multilingual in nature.

The first issue of the magazine is dedicated to **Dr. Latika Chattopadhyaya**, the first doctoral candidate to earn the degree of Ph D in Philosophy of our department. Her doctoral thesis, *Self in Sāṃkhya Philosophy*, was completed under the supervision of **Prof. Kalidas Bhattacharyya**. At the age of ninety, she published her fourth book in 2013 titled *Scepticism in Indian Thought: Cārvāka Philosophy Reexamined*. She also taught at **Harvard University** and the **University of Chicago**.

The journey from collecting submissions to finalizing the inaugural issue has been a profound learning experience. As the first-time editors, the editorial team navigated numerous challenges and uncertainties, and we have grown immensely throughout the process. As we all know, our department is consists of two different courses, namely philosophy and comparative religion, the editors intentionally have constricted themselves to reveal the exact course designation of the students celebrating the togetherness under one umbrella term 'Philosophy and Comparative Religion'.

It is with a heavy heart that we remember our beloved teacher, Dr. Rekha Ojha, who left us on July 27, 2025. Her passing was so sudden that we still struggle to believe that her cheerful and inspiring presence is gone. We deeply miss her as a teacher, a friend, a philosopher, and a guide.

We extend our deepest gratitude to our contributors, who generously shared their creative work, both by inspiration and at our gentle persuasion. Special thanks to our respected Principal Prof. Md. Sirajul Islam, who among his busy schedule has considered our request to express his thoughts as the Principal of Vidya Bhavana (Institute of Humanities and Social Sciences), Visva-Bharati and as well as being one of the important contributors in the creative contents of the first issue of "Life-world". This endeavour would not have been possible without the constant support and guidance of our Head of Department, Dr. Manjari Chakrabarty. The very title of this magazine is suggested by her and the editors have developed a consensus as the root of the philosophical significance relating to this word depicts the lived experience of the everday, subjective world playing the foundation for all knowledge. We are also especially thankful to our teacher, Dr. Sujay Mondal, for entrusting us with the responsibility of creating our department's very first e-magazine. We extend our sincere gratitude to all the teachers, staff and students of the department for the successful exertion of this publication. Last but not the least, we express our heartiest thanks to the Visva-Bharati community for providing us with such inspiring creative spaces. These environments have offered us a truly unique and transformative way to learn and grow.

It is hoped that this issue will provide as much pleasure in the reading as we enjoyed creating it. Any inadvertent errors are entirely our own, and we trust in our readers' gracious understanding. We welcome your insightful feedback and thoughts at: editors.lifeworld.philcomrel@gmail.com

# FROM THE PRINCIPAL'S DESK



**Professor (Dr.) Md. Sirajul Islam**
**Principal**
**Vidya Bhavana, Visva-Bharati**

It is a matter of immense pleasure to say few words in the Principal's desk of the e-Magazine of the department of Philosophy and Comparative Religion, Visva-Bharati, Santiniketan. First of all, I would extend my sincere thanks to the e-magazine committee and our esteemed colleagues for their initiative and untired devotion to disseminate knowledge without any reluctance. I am very humbled to serve as a Principal (Dean), Vidya Bhavana (Institute of Humanities and Social Sciences), Visva-Bharati (A Central University) founded by the Nobel laureate Gurudev Rabindranath Thakur. Vidya Bhavana was one of the key concepts of him. At the outset it was a School of Higher Studies where language, literature, philosophy, cultural studies etc. were recognized as a centre of excellence in various disciplines of Humanities and Social Sciences. Later on in the year 1910, Language and Literature has been splited from Vidya Bhavana and emerged as Bhasha Bhavana.

Vidya Bhavana has become an excellent school of education, teaching and research related to all modern subjects and their interfaces of humanities and social sciences to fulfil the dream of Gurudeva Rabindranath Thakur. I, as a Principal mainly fixed up my goal to impart the best education and research so that it can disseminate Indian Knowledge System in high calibre with International level of innovative skills and modern thoughts. At present there are six full-fledged departments and three centres or units. They are working to teach interdisciplinary subjects related to Indian ethos and culture to retain the values of religion, Indian ethics, knowledge system etc. Along with the Modern western thoughts, the Department of Philosophy and Comparative Religion is most viable since inception. During the period of Prof. Kalidas Bhattacharya, the then Honourable Vice-Chancellor of Visva-Bharati it was elevated to its zenith and the Department was recognized by the UGC as an Advanced Study Centre and published many invaluable books, articles which are to be regarded as the hidden treasures of the Department and the University as well.

At present the Department imparts knowledge of Philosophy and Religion. As we have implemented NEP-2020, the department is also sincerely preaching and teaching Vedantic and Upanisadic ideals in a rationalistic way. Reflecting as the past, our Bhavana has also continuing its tradition and legacy in academic, research and intellectual levels. Since March 2024, I am working relentlessly to upgrade our Bhavana by different academic assignments and pursuits but it is not only my own credit rather than our achievements are basically the collective efforts of each and every students and faculty members. We have achieved tremendous success in various levels through our collective rigorous academic and research pursuits to meet the challenges of New Education Policy (NEP-2020) in reaching the goal of quality education and to fulfil the dreams of Gurudev Rabindranath Thakur.

# POEMS

## वो जो थकते नहीं

**स्नेहलता नंद**
**छात्रा (स्नातकोत्तर)**

पता नहीं ये बाबा लोग,
किस धातु से बने होते हैं!
सरल, निरीह, आत्मीय बनकर,
हर क्षण में निखरते रहते हैं।
जीवन और जौवन की मुस्कान लिए,
जैसे खुद एक दुआ बन जाते हैं।

कहाँ से आते हैं उनके भाव,
और सोने जैसे उनके स्वभाव?
बार-बार नहीं, हजार बार,
प्यार करने को मन को करते हैं लाचार।
बिना कहे सब समझ जाते हैं,
दिल को बहुत गहराई से छू जाते हैं।

भूल जाते हैं भूख और प्यास,
सिर्फ देखकर हमारी छोटी सी मुस्कान।
जानलेवा परिश्रम भी सह जाते हैं,
फिर भी दुःख का नाम नहीं लेते हैं।
हड्डी-मांस का ही तो तन है,
पर इच्छाओं से लड़ते अडिग मन है।

कभी शिकायत नहीं, कभी थकान नहीं,

हर बार बस अपनों की पहचान सही।
पूरे दिन की मेहनत के बाद भी,
चेहरे पर शिकन नहीं, मुस्कान ही साथ भी।
किस मिट्टी से बने हैं ये लोग,
जैसे खुदा ने तराशा हो इन्हें संजोग।

घर की कोई चाह न बताई,
खुद की खुशी कभी न जताई।
हर बार मेरी खुशी को थामते,
मेरे पास खींच लाते, हँसते-गाते।
जिन्होंने खुद को भुला दिया,
पर हमें हरदम दुआ में रखा किया।

क्या लिखूं, कैसे व्यक्त करूं,
आपके लिए तो शब्द भी कम हैं।
मन में आपके लिए जो सम्मान है,
वो इस कविता से भी कहीं ज्यादा है।
बाबा, आप सिर्फ एक नाम नहीं,
जीवन की सबसे सुंदर परिभाषा हैं।



*Source: Ruthson Zimmerman, Unsplash+*

**Ankit Bawanthade**

**Darshan Sadana Library**

क्या होता है चले जाना?
कही अपना घर छोड़ कर,
किसी का दिल तोड़कर,
किसी से मिलकर,
और किसी का दुनियां छोड़कर |
तुम चाहो और न जाओ...
तुम सोचो और जान लो..
कितना सरल है सोच लेना,
कितना कठिन है रोक पाना,
और कितना असभंव है उसे खोज लेना
जो अभी यही था चलते- मुस्कुराते...
वो अब कही और है,
पर क्या होता है चले जाना?



*Source: X (Edited)*



*Source: Mathieu Odin, Unsplash+*

## মোহনদাস

**অরিত্র দাস বৈরাগ্য**

**প্রাক্তন ছাত্র**

সমস্ত রকম উপায়ে শুকনো মোহনদাস
ভিজতে চেয়েছে দুপুরে।
এ ভরা বাদরে
মা এর বারণ।
আগে লেখা শেষ করো। তারপর।
সে মহাপ্রভুর দল যে নামই দিক
এ টান মৌলিক। চৈতন্যের।
তাই সে দৌড়ায়
এখনও প্রতিমা পেলে ভাঙ্গে বটে
তবে যতদিন সে আছে, গঠন আছে।
না থাকলে আকার নেই
ঝামেলাও নেই।
তবু ঘুম চোখে ভেজা ছাদে
এত রঙ
মায়ের হাতের গন্ধরাজ ফুল
এইসব মোহনদাস নিজে, তবে অন্য আখ্যানে।
এইসব মহামতির অব্যর্থ অস্ত্র।
আমরা ঘুমের মধ্যে সুরা পান করি।
এইভাবে আরেকটু ঘুম
এইভাবে দূরে থেকে ঝকঝকে নির্বাণ
মনে হয় জটিল গণিত
এইভাবে জয়ন্তী ঘোরে, এইভাবে উৎসব।

## রক্তকরবী

**শুভজিৎ দাস**

**প্রাক্তন ছাত্র**

ঘন অন্ধকারে যে ঘর আমার
কত নিঃশব্দের শব্দ জড়িত,
পৃথিবীর সমস্ত দীর্ঘশ্বাস;
ভীড় করে এসে
অসুখী প্রেমের মতো জড়িয়ে ধরে।
আমিও নিঃসঙ্গতার সঙ্গে
জীবনানন্দকে আরও একবার
যাপনের সঙ্গ করে তুলি।
নীরবে পড়ে থাকা আমার মৃতদেহ
নিরন্তর বেদনার সুর বাঁধে...
জানি সব রাতের পর
ভোরের চুম্বনে
সমস্ত কলঙ্ক মূর্ছা যাবে।
আবারও ফুটে উঠবে...
‘রক্তকরবী’।



*Source: dreamstime*

# মৃত্যু

**সাদিকুল সেখ**
**ছাত্র (স্নাতকোত্তর)**

মৃত্যু আসে নিঃশব্দে, স্নিগ্ধ শীতল বাতাসের মতো,
শীতকালে ঝরে যাওয়া পাতার মতো ফিসফিসিয়ে বলে,
"চলো, এবার বিশ্রাম করি"
ভয় নয়, মৃত্যু যেন এক অনন্ত ঘুমের গান,
যেখানে দুঃখ থেমে যায়,
সমস্ত চাওয়া পাওয়ার ইতি ঘটে,
যেখানে থাকে না কোন মান অভিমান
বিরাম পায় অবসন্ন প্রাণ।
এই জীবন শুধু এক স্রোত ধারা,
অশ্রু ও হাসির মিলিত সুরে।
মৃত্যু তার সমুদ্র-
যেখানে মিলায় সব তরঙ্গ একসাথে।
সমুদ্রের জলোচ্ছ্বাস যেমন সমস্ত কিছুকে গ্রাস করে
ইতি ঘটায়, মৃত্যুও তেমনি সমস্ত বেদনা, পাওয়া না
পাওয়ার আকাঙ্ক্ষা, মান-অভিমান, ও ভালোবাসা,
ঘেন্নার ইতি ঘটায়।
ওহে মৃত্যু,
তুমি নও হে শত্রু-
তুমি তো কেবল দরজা-
অন্য ভোরের,
অন্য আকাশের,
অন্য এক আলো অন্ধকারের পথে।

"মৃত্যুর মত এত স্নিগ্ধ, এত গভীর সুন্দর আর কিছু নেই। কারণ মৃত্যু অনিবার্য, তুমি যখন জন্মেছো তখন মরতেই হবে।"



*The Sower*
*Vincent van Gogh (1853 - 1890), Arles, November 1888.*
*Source:*
*https://www.vangoghmuseum.nl/en/collection/s0029V1962*

# 14 lines for 14th july

sk kawsar ali

alumnas

to thee,
handsome Übermench
thou teachest me how to create value of own.
i have  found path anew.
the friend i share even death!
thy each presence revives conscientização
in thee i see equality, with, freedom, is what!
i have spoken about you to them
again they read you in my ink and papers.
dull would critique be
shall we move ?
you have to,  no i can't, love you
dreams are taller than me
i can't knock at your door and cry.

**notes***: as a passionate reader of postcolonial writings, i believe that deconstruction must begin from within the language i use. the traditional conventions of english writing often reproduce a hierarchical order among letters, privileging some while subordinating others. by refusing capitalization, i attempt to create a more democratic space on the page—one where no letter dominates another. this stylistic choice is therefore not merely aesthetic but deeply political: it is an effort to unsettle inherited structures and to reclaim language as a ground for equality, critique, and self-determination. hence i have choosen consciously to write in lower case only.*

# কেমন আছো লেনিন

**সাদিকুল সেখ**

**ছাত্র (স্নাতকোত্তর)**



***Vladimir Lenin*** *giving a speech on May 5, 1920, in Sverdlov Square (now Theatre Square) in Moscow, Russia.*
*Source: socialistworker.co.uk*

কেমন আছো লেনিন,
তুমি কি দেখতে পাচ্ছ মানুষের আর্তনাদ, হাহাকার?
চারিদিকে আজ পুঁজিবাদ মাথাচাড়া দিয়ে উঠেছে।
তোমার দেখানো সোভিয়েত ইউনিয়ন আজ আর নেই,
তার নাম আজ রাশিয়া।
তোমার মানুষ ভালো নেই লেনিন।
তাদের বুকে তুমি যে বিপ্লবের বীজ বুনেছিলে,
তা আজ স্থিত।
ফিরে এসো তুমি
সাহস দাও তাদের অন্যায়ের প্রতিবাদ করার,
রাষ্ট্রীয় চোখরাঙানিকে উপেক্ষা করে
অধিকার প্রতিষ্ঠার লড়াই করার।

তোমার দেখানো সমাজতন্ত্র আজ পৃথিবী জুড়ে বিপন্ন।
পুঁজিবাদ তাদের গ্রাস করছে,
প্রয়োজনে কলকারখানার মালিকেরা
মানুষকে আজ চরম শোষণের মুখে দাঁড় করিয়েছে।
ফিরে এসো লেনিন,
হয়তো বা মানুষ বেশে, নতুবা বিপ্লবের ধ্বনি হয়ে
সাহস দাও অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর।
তুমি এসো
তুমি দাঁড়াও সর্বহারাদের পাশে।
ওরা বড় কাঁদছে,
ওরা অসহায়।

## জলজ স্পর্শের নিদাঘ স্বপ্ন

**কাইফ**

**প্রাক্তন ছাত্র**

### কালো নদীর বুকে

শীতের অন্ধকারে দূর দূর নেই কোনো জন।
নৌকার ডাউ খাঁচা আর হৃদয়ের বেষ্টনীর যন্ত্রণায়,
পাশে ফিরে শুয়ে দেখি অনন্ত নীল দরিয়ার ছাদে,
আঁধারে আলোর বিন্দু, যেন অগণিত সজ্জিত প্রাণ।
পৃষ্ঠের বেদনাবিন্দুতে, পাড়ের দূরত্বে

এবার যেন নৌকায় জলঘেরা শান্তি
পানির বুকে হাত চুবুতেই
তার সব নিবিড় ঘন কালো প্রেমের স্পর্শে বিবশ কাঁপুনিতে,
চক্ষুতে ত্রাসের ঝিলিক
শিরায় সঞ্চারিত ভয়ের শীতলতা।
উঠে বসে দেখি নৌকা পাড়ের কাছে।

ভঙ্গ হল ক্ষণিকের ভয়
ভঙ্গ হল শান্তি।



*Source: Unsplash+*

### প্রত্যুষা

সমস্ত দার্শনিক উদ্বেগে বিষন্ন
তুমি যেন এলে সহজ সত্য নিয়ে
ছুঁয়ে যায় ছুঁয়ে যায় বহু তল

শব্দ সঙ্গীতে মুক্তি- দাও আমারে সুর নন্দিনী
তুমি রামকেলি আর ওই সীমানা বেহাগ
কর আহ্বান - অধরসুরঙ্গিণী

আত্মা খুঁজিতে ব্যস্ত ভুবন
কেউ সুধায় না তোমারে- তুমিই তো ছুঁয়ে ছুঁয়ে নেচে যাও সারা আত্মাময়

নীলে, অন্ধকারে প্রশান্ত তরঙ্গ, কালো ছায়া
জগৎ পারে তোমার সুর - ছুঁয়ে যাও সব বসন্ত জ্যোৎস্না

সেথায় উড়ে তোমার উত্তরীয়- আনন্দ
আনন্দ
সত্যরূপ প্রত্যুষা।

**জন্মান্তর**

একটু একটু করে অপরিচিত সাদা ঘর ধোঁয়ায় ভরে ওঠে
প্রাচীন নিবিড় সুর মিশে যায় তাতে
স্রোতের নাবিক স্থির হয়।
ব্যাক্তি আবার জাগ্রত হয়।
সৃষ্টি করে নতুনের
আবার মুছে ফেলে
এগিয়ে যায়।
সময়ে স্রোতে বৃদ্ধ হয়ে
চাহিদা কমে আসে।
চাহিদা পূরণের পথ এগিয়ে দেয়
ঋণ শোধ হয়
শুদ্ধ জীবন সার্থকতা পায়।



*Source: Kaif*

## A Plea from the Voiceless

**Neeraj Singh Dhanu**
**Student (UG)**

**This poem gives voice to the millions of living beings slaughtered and exploited daily as livestock by human beings.**

I was born as you were,
From my mother's womb.
I breathe, I grow,
And I yearn to live as you do.

Must I be torn from her,
My mother's warmth unknown?
No glimpse of her love,
No trace of her affection shown...

Am I doomed to suffer,
Caged like a criminal, confined?
Punished for a crime
I'm clueless to define...

Am I fated to be milked,
Egged, like a machine to deplete?
Exploited until I'm spent,
With nothing but pain to meet...

Will I die without the sky,
Its blue expanse unseen?
Never knowing life's beauty,
Its fragrance, its serene...

Will my cries go unheard,
My tears mere water to you?
My screams drowned as noise,
Pollution in your view?

Am I destined for slaughter,
Electrocuted, shot in the head?
Gassed, hung upside down,
Till my blood stains red?

I was born as you were,
From my mother's womb.
I breathe, I grow, I bleed;
Yet die, unlike you, too soon.

## Conscientização (Critical Consciousness)

**Cowboy(Bāgāl), Alumnas**

Conscientização have been started -
in the 5th semester,
in the course of graduation.

How to see society - philosophically?
Not abstractly...
but practically.

It was just like - the germinated seeds
to understand - the potential evil insects in society.

Thereafter, it restarted - systematically
in the course of M.A. optional,
through the praxis -
of Phule, Ambedkar and Paulo Freire.

How was oppression - by the oppressor?
Throughout the making - problematic by normalisation.

Not for the annihilation,
But for the provoking.

To deconstruct unjust,
Educate, Agitate, Organize ...

And this is the way of Conscientização.

## আমার রবীন্দ্রনাথ

**বর্ণালী মোদক**
**ছাত্রী (স্নাতকোত্তর)**

২৫ শে বৈশাখ জন্ম তার বাংলার শ্রেষ্ঠ কবি
নামটি শুনলেই সকলের চোখে ভাসে তার ছবি
তিনি হলেন বিশ্বকবি রবীন্দ্রনাথ সকলেই তাকে চেনে
তাইতো সবাই শ্রদ্ধা করে পূজো করে থাকে
জন্মেছিলেন তিনি ১৮৬৯ সালে
ভারত মায়ের কোল জুড়ে
বাড়িতেই তাকে শিক্ষাদান করেন
তার গৃহশিক্ষক
ঠাকুর বাড়ির সেই ছোট্ট ঘরটিতেই
কেটে যায় তার একাকিত্বের শৈশব
১২ বছরের তার প্রথম কবিতা
জল পড়ে পাতা নড়ে
আজও তিনি বেঁচে আছেন
ভারতবাসীর মনে প্রানে
বিশ্ববিখ্যাত নোবেল পুরস্কার পেয়েছিলেন তিনি
লিখে কাব্যগ্রন্থ গীতাঞ্জলী
তার লিখিত জনগন-মন, আমার সোনার বাংলাকে
মানুষ করে অঞ্জলি
বাঙালির গৌরব, তুমি, তুমি ভারতের সম্মান
আজকের দিনে তোমায় জানাই শত কোটি প্রনাম।



*Source: Times of India*

## কবিগুরু স্মরণে

**অহনা দে**
**ছাত্রী (স্নাতকোত্তর)**

তোমার জায়গায় পড়ে বেড়ে উঠি
ধন্য হে বিশ্বকবি।
তুমি মহান তোমার অবদানের নেই তো তুলনা,
তাই তো তোমার ছড়া, উপন্যাস, গল্প ছাড়া মোদের চলেনা।
কতই না দিয়েছো তুমি মোদের গান, আবৃত্তি, শত শত আঁকিবুঁকি-
সেসব শিখেই ছোটো থেকে মোরা বেড়ে উঠি।
তোমার লেখা সহজ পাঠ থেকে গবেষণা সবেতেই হয় পড়ানো,
তাই তো বলি তুমি আছো ৮ থেকে ৮০ সবারই
শরণাপন্ন
ন্যাশনাল সং থেকে শুরু করে
ইংলিশ পোয়েট্রি সবেরই তুমি সৃষ্টিকারী।
গভীর কত ক্ষতের মধ্যেও,
থেমে থাকে নি তোমার সৃষ্টিশক্তি।
একে একে হারিয়েছো কতই না প্রিয় আপনজনকে
হে বিশ্বকবি, তুমি থেকে যাবে চিরকালই
মোদের সবারই অন্তরেতে।

## অনুবাদ কবিতা

### লরেলাই

### হাইনরিখ হাইনে

আমি জানি না, কী ই বা অর্থ এর
হৃদয় ভরে আছে দুঃখে
প্রাচীন কোনো এক রূপকথা
মন আছে সেখানেই আটকে।

শীতল মৃদু বাতাস, আর সন্ধ্যা নামছে ধীরে
শান্ত রাইন বয়ে যায়,
দ্যুতিমান পাহাড়ের চূড়া-
অস্তগামী সূর্যের আভায়।



*রাইন নদী, Source: Adobe Stock*

মোহময়ী সবচেয়ে সুন্দরী কিশোরী বসে আছে
ওই ওপরে, সে এক বিস্ময়!
তার সোনালী অলংকারের আলোকজ্জ্বল ছটা,
সে তার সোনালী চুল আঁচড়ায়।

সে চুল আঁচড়ায় সোনালী চিরুনিতে,
আর গান করে;
চমকপ্রদ, আশ্চর্য
শক্তিশালী সেই সুর।

এক মাঝি তার ছোট্টো নৌকোয়
থমকে যায় কোনো এক আদিম মুগ্ধতায়,
সে পাথুরে পাহাড়কে দেখতে পায় না আর
দৃষ্টিটা ওপরেই আটকায়।

আমার বিশ্বাস ঢেউগুলো গিলে খায়
সেই মাঝি, আর পরে তার নৌকোকে
আর সেই মেয়েটির সুরেলা জাদুতে
‘লরেলাই’ আবৃত্ত হয়।

**মূল ভাষা-জার্মান**
**ভাষান্তর--স্নিগ্ধা বর্দ্ধন, রিসার্চ স্কলার**



*Loreley (heine) by Rhine in Germany, Source: Adobe Stock*

## SHORT STORIES

### DOUBT

PHRA JAKKAPAN KOMON
RESEARCH SCHOLAR

I was born with doubt. No one knows me, even God, (Because God has never seen my gorgeous face). People call me "**MINYAKAGI**." The first thing I have seen in this place is a couple of lovers who transfer their own properties to me through blood genetic. I do not know who they are, actually. Later on, I called them "my parents," and we spent time together. They are nourishing me in every aspect of my growth. I do not know why. What do they expect from me? Till today, I am old enough not to have any doubt about everything, but unfortunately, this world is full of unanswerable mysteries.

Who am I? I am somebody. I am "Minyakagi." Really! I am from somewhere. I am more than 30 years old. I am a student. I am a PhD. scholar. I am a monk. I am a researcher. I am a traveler. I am the child of someone. I am a boy. I am a cook. I am a friend of someone. I am a farmer. I am a gardener. I am a spiritual leader. I am a teacher. I am a preacher. I am a philosopher. I am a writer. I am an artist. I am almost everything. How many "I am?" I am full of social assumptions that people call. Yet, I call it: conventional designation.

How do we know all about ourselves? People are not aware of what has happened *here, and now.* We are running after others and assume everything to suit ourselves. I request to assume it as "Social-assumption."



*Source: Getty Images, Unsplash+*

# THE JOURNEY OF A POOREST MONK

PHRA JAKKAPAN KOMON

RESEARCH SCHOLAR

I am Jack, a monk and a traveler who travelled to My God house in India. This trip is totally different. I went with my own God, which no one can take from me. This journey opened my third eye to my God's place. I travelled by an Indian train, where there were many things that taught me during that time. Whether it is people, environment, atmosphere, etc., we visited a few ornamental temples in Odisha. My God had told me that it used to be his previous residence. I am asking him, “Are you sure?” he said, “Yes, it is.” The architecture of that place impressed me till now. We spent time together for 2 years in India. He suddenly appeared to me as a normal impersonator. We planned to visit many places, but unfortunately, we did not have enough time to go. We learned, shared, and exchanged so many things with each other. I realized that he could be a good friend at first. He came from Chhattisgarh, and his present house is there. But he was born after me. You might feel uncomfortable because I am not telling you his name. I would say “No.” When I have to utter his name, it empowers me because it is a sanctity appellation. When we reached Odisha state, at that time I could consider it as “The Openness of My third eye”. How? As a monk, there are so many rule that I have to follow. Those rules are blocking and against me to enlighten a truly world. But this guy enlightened me about worldly things, for instance, we went to a cinema, a shopping mall, had food, etc. It sounded like a couple of lovers. Right! We are beyond that vision. My vision is to visit God's house. Our journey is an incredible trip because there are a lot of situations were happened, including physical and psychological enjoyments. After that, we went straight to his place, which is in Chhattisgarh state. The moment I met with his family members, they cracked my thoughts about the ideas of joyfulness, loving kindness, hospitality, embrace, blissfulness, happiness, and so on. They have told me that “They are an ordinary family.” But I said, “NO, this is an extraordinary family. I told them that “Our travelling was so impressive.” They asked me “, HOW?” My answer is “Because I bring God with me, that is your son, Shiva.” His name is Shivadi, he is my best friend, and my God

designation. He is unintelligible at all. But to me, he is always intelligible because I am a God of brilliant idea creator.

That time it could not be backward, but it is still present to me always and forever. I do not know when I will have a chance to meet God again. Nowadays, we are AI by nature; no one knows us, except us.  That family is considered a true home. He had everything that I never had. They welcome me as a special guest, even though we could not communicate with each other, but fortunately, we both understand each other very well because we are both God in specific areas.



*Source: Alexander, Unsplash+*


# ECHOES OF A PLACE

## আমাদের শান্তিনিকেতন

**দীপঙ্কর মণ্ডল**

**ছাত্র (স্নাতকোত্তর)**

সেদিন সন্ধ্যায় রতনপল্লী থেকে পোস্ট অফিস মোড়ের দিকে আসছিলাম। নিমতলা মাঠ পেরোনোর সময় শরৎ সন্ধ্যার বাতাসে হঠাৎ নাকে এলো ছাতিমের উগ্র গন্ধ। শারদ উৎসব ও আনন্দবাজারের শত ব্যস্ততার মাঝেও কিছু সময়ের জন্য মনটা উদাস হয়ে গেল আর মনে পড়লো প্রথম শান্তিনিকেতন আসার সেই স্মৃতি।



*Source: Dipankar Mondal*

সেটাও ছিল এক নির্মল শরতের সকাল। সাল ২০১৪, তারিখ-দিন ঠিক মনে নেই। কিন্তু শান্তিনিকেতনের আনন্দবাজার সমাপ্ত হওয়ার তিন দিন পর বিদ্যালয়ের শিক্ষামূলক ভ্রমণের অন্যতম গন্তব্য হিসেবে বিদ্যালয়ের শিক্ষক ও বন্ধুদের সাথে আমার প্রথম শান্তিনিকেতনে আসা। সেইদিনও চারিদিক ভরেছিল ছাতিমের গন্ধে। চোখ বুঝলে এখনো যেন সেই গন্ধ অনুভব করতে পারি। তখন শান্তিনিকেতন আশ্রম পর্যটকদের জন্য খোলা থাকতো, কেবলমাত্র উত্তরায়ন যেতে গেলে টিকিট কেটে ঢুকতে হতো। ওই সময় আমাদের গাইড ছিলেন মানসদা। তিনি ঘুরিয়ে দেখানোর সাথে সাথে একে একে শান্তিনিকেতনের ইতিহাস ও ঐতিহ্যের বর্ণনা করেছিলেন। এখনও চোখ বন্ধ করে সেই দিনটি চিত্রনাট্যের মতো ভেসে ওঠে। আমি অপার বিস্ময় নিয়ে ঘুরে ঘুরে দেখছি - ছাতিমতলা, শান্তিনিকেতন বাড়ি, উপাসনাগৃহ, তালধ্বজ, তিনপাহাড়, আম্রকুঞ্জ, বকুলবীথি, শালবীথি, মাধবী বিতান, আনন্দ পাঠশালা, গৌরপ্রাঙ্গণ, সিংহ সদন, পাঠভবন, চৈতি, সংগীত ভবন, কলাভবন, হিন্দি ভবন, চীনা ভবন ....। সবশেষে মানসদা আমাদেরকে কিছু প্রশ্ন করেছিলেন এবং আমার উত্তর পেয়ে খুশি হয়ে দুটি বই উপহার দিয়েছিলেন, *প্রশ্ন-উত্তরে রবীন্দ্রনাথ* এবং *রবির আলোয় শান্তিনিকেতন ও শ্রীনিকেতন।*

ফিরে এসে বই দুটো যে কতবার পড়েছি তার ইয়াত্তা নেই। বারবার বইগুলো খুলতাম আর কল্পনার সাগরে ডুব দিতাম। কোন বিষয় নিয়ে শান্তিনিকেতনের কোন বিভাগে ভর্তি হবো, কোথায় বসে কেমন ভাবে ক্লাস করবো ইত্যাদি ইত্যাদি। শান্তিনিকেতনে না এলে জীবনে একটা বড়ো আফসোস থেকে যেতো।

আজ মাঝে মাঝে ভাবতেও অবাক লাগে এই শান্তিনিকেতনেই জীবনের পাঁচটা বছর কাটিয়ে দিলাম। এখন আমি শান্তিনিকেতনের স্নাতকোত্তরের একজন শিক্ষার্থী। আমিও আজ শান্তিনিকেতনের একজন, বিশ্বভারতীর একজন। আজ শান্তিনিকেতন কেবল আমার ইউটোপিয়ার জগৎ নয়, এখন তা আমাদের শান্তিনিকেতন। সময়ের নিয়মে আমাকেও একদিন শান্তিনিকেতন ছাড়তে হবে, কিন্তু যেখানেই যাই না কেন, আজীবন সঙ্গে করে বয়ে বেড়াবো প্রথম দিনের নাকে আসা সেই ছাতিমের গন্ধ, উদাত্ত কণ্ঠের রবীন্দ্র সংগীত, বাউলের উদাসী সুর, শুভ্র পোশাকে মার্জিত উপাসনা, ঢাকের তাল, উৎসবের মাতন, পুং (মণিপুরী খোল) এর বোলের সাথে মণিপুরী নৃত্য আর গ্রাম ছাড়া ওই রাঙা মাটির পথ। চির নবীন, চির নতুন আমাদের শান্তিনিকেতন।

# শান্তিনিকেতন ও ঋতু-আলাপন

**ফারহানা পারভিন**

**প্রাক্তন ছাত্রী**

শান্তিনিকেতনে না এসে পৌঁছলে হয়তো তার অপরূপ সৌন্দর্যের গোপন কথাটি আমার পক্ষে হৃদয়াঙ্গম করা সম্ভব হতো না। সম্পূর্ণভাবে আজও হয়তো পারিনি, কিন্তু প্রতিনিয়ত একটু একটু করে আমার মন-কুঠুরিতে আলিঙ্গন করার চেষ্টা করি। মরচে পড়া অনুভুতিগুলো যখন অসমাপ্ত গল্পকে আলিঙ্গন করে, তখন সকল নিস্তব্ধতার মাঝে এক টুকরো শিউলি বয়ে আনে স্নিগ্ধতার আমেজ। পুজো শেষে সেই যে একটা ঠান্ডা ঠান্ডা হাওয়া বয়! যে হাওয়ায় শিশির ভেজা মাটির হাল্কা সোঁদা গন্ধ ভাসে, সেই হাওয়া অনুভব করলেই টের পাওয়া যায় হেমন্ত এসেছে। শুধু হাওয়া নয় , শালের খয়রি-হলদে পাতাগুলির টুপ্ – টাপ করে খসে পরার পরে,লাল মাটির রাস্তাগুলো যখন ভরে যায় তখনও বোঝা যায় হেমন্ত এসেছে গুটি গুটি পায়ে। চারপাশে আবহাওয়ার বদল, রোদ – বাতাস – গাছ – হাওয়া এসব কিছুকে লক্ষ করলে খুব সহজেই বুঝতে পারা যায়। এই গ্রীষ্ম – বর্ষা – শরৎ - শীত – বসন্ত ঋতুগুলির আগমন বেশ জানান দিয়ে হলেও, হেমন্তর আসা যাওয়ার ধ্বনি নিঃশব্দ। আমি তখন শ্রীসদন হোস্টেলের বারান্দায় দাঁড়িয়ে। চারদিকে নিস্তব্ধতা, আকাশে হালকা কুয়াশার পর্দা টাঙানো। রোদের কোমল আলো যেন সোনালি আভা ছড়িয়ে মাটিকে আলোকিত করছে। উঠোনজুড়ে ঝরে পড়া শুকনো পাতা—হলুদ, খয়েরি আর ম্লান সবুজের মিশ্রণে যেন এক অপূর্ব কারুকাজ। আমার কানে ভাসে তখন একটি গান—“এসো বাতাসের অধীর খেলার সাথী, মাতাও নীলাম্বর। উষায় জাগাও শাখায় গানের আশা, সন্ধ্যায় আনো বিরামগভীর ভাষা, রচি দাও রাতে সুপ্ত গীতের বাসা হে উদার প্রাণ”। আরো মনে পড়ে যায়—“আমার নয়ন-ভুলানো এলে। আমি কী হেরিলাম হৃদয় মেলে। শিউলিতলার পাশে ঝরা ফুলের রাশে রাশে শিশির-ভেজা ঘাসে অরুণ-রাঙা-চরণ ফেলে নয়ন-ভুলানো”। শালবীথির আলোয় – ছায়ায় জায়গাটি বেশ নিঝুম থাকত বলেই এই আভাস সহজে মিলত। সকলে বলে শান্তিনিকেতনে বছরের ছয় ঋতু খুব ভালোভাবে উপভোগ করা যায়। কিন্তু শান্তিনিকেতনের সমস্ত কোণে কী সত্যিই সব ঋতুর আভাস মেলে! হয়তো না...আমার মনে হয় নানান কোলাহলের মাঝে, কিছু কিছু বিশেষ জায়গা থাকে যেখানে ঋতুর আবির্ভাবের পদধ্বনি শোনা যায়। এই বিশেষ জায়গাগুলো নিজেদের খুঁজতে হয়, বুঝতে হয়! তবেই একমাত্র হাওয়া বদলের কথা মনে মনে শুনতে পাওয়া যায়।



*Source: Snigdha Bardhan*



Source: Farhana Parvin

হেমন্তও ঠিক তেমনি... তুমি তোমার হেমন্তকে কোন কোণে খুঁজে পাবে সেটা তোমার অনুসন্ধান। হেমন্ত তো! খুব সহজে ধরা দেয় না... খুব সহজে অনুভবেও আসেনা। তার অবস্থান কোন জায়গায় তীব্র সেটা নিজেকেই খুঁজতে হয়,তারপরে তাকে খুঁজে পেয়ে তার ক্ষণিকের আবির্ভাবকে মুগ্ধতার সাথে অনুভব করতে হয়। তাকে খুঁজতে হয় জ্ঞানচক্ষু দিয়ে, নীরব প্রকৃতির আড়ালে, হাওয়ার স্রোতে কিংবা ঝরে-পড়া পাতার খসখস শব্দে। একবার চিনতে পারলে তা ক্ষণিকের আবির্ভাবেও অমোঘ, যেখানে হেমন্ত তোমার অন্তরের অনুভবে সত্ত্বা পেয়ে, কার্ত্তিক মাসের শেষ থেকে অগ্রহায়ণের শুরু পর্যন্ত নিজের অস্তিত্বের জানান দেয়।

# TOWARDS A NEW HORIZON

AISHUMNA SUBBA

STUDENT (UG)

Leaving home for the first time felt like stand world not just as it's told to me, but as it unfolds through my own reflection and experience. That first day wasn't just the starting of classes. It was the beginning of a lifelong conversation with myself, and with the ing at the edge of something vast and unfamiliar. My heart was caught between fear and excitement, a strange mix of emotions that made me realize how big this step truly was. I was scared, yes, but I was also eager for the new chapter waiting ahead, one I had been dreaming of for so long.



*Source: Snigdha Bardhan*

Coming to Shantiniketan wasn't just about starting university, it felt like the beginning of me. It meant stepping into independence, growing up, and quietly learning what adulthood feels like. On my very first day, I met my classmates- all of us nervous, hopeful, and curious about the lives we were about to begin. Our first class was with Sir Murugesan, who welcomed us with warmth and told us about the essence of the university and what our journey here would hold. Though I don't speak Bengali, my friends translated everything for me with patience and kindness. Their gestures reminded me that even in unfamiliar places, compassion makes you feel at home.

I'm majoring in Philosophy at Visva-Bharati University, something that feels deeply personal to me. Ever since I was a child, I've been endlessly curious about life, asking questions that don't always have answers. Is there a God? What does it mean to exist? These thoughts still linger in my mind, quiet yet insistent. Maybe I'll never find definite answers, but here, in the stillness of Santiniketan, I hope to learn how to understand life better, to see the world around me.

# শান্তিনিকেতনে নিমন্ত্রণ

**শবনম সোভানা খাতুন**
**ছাত্রী (স্নাতকোত্তর)**

বাংলাদেশের বিখ্যাত পল্লী কবি জসীমউদ্দিন তাঁর ছোট গাঁয়ে নিমন্ত্রণ জানিয়ে 'নিমন্ত্রণ' কবিতাতে লিখেছিলেন, "তুমি যাবে ভাই, যাবে মোর সাথে আমাদের ছোট গাঁয়, গাছের ছায়ায় লতায় পাতায় উদাসী বনের বায়"----কবি জসীমউদ্দিন এর সাথে সুর মিলিয়ে আমিও নিমন্ত্রণ জানাতে চাই, আমাদের মনোরম এ শান্তিনিকেতনে । বলতে চাই-

'তুমি যাবে ভাই যাবে মোর সাথে আমাদের শান্তিনিকেতন
সেথায় গাছের ছায়ায় বনগুল্মলতায়
অশোক, পলাশ, ফাগুনবউ, বাসন্তিকায় বিছানো পথ
দেখলে তোমার জুড়াবে আঁখি
মনে হবে অভ্যর্থনা জানাচ্ছে কোন পুষ্পরথ।
সেথা চেনা - অচেনা মানুষের ভিড়ে
তুমি হয়ে যাবে কত না আপন
তুমি যাবে ভাই যাবে মোর সাথে
আমাদের শান্তিনিকেতন।
কোপাই নদীর তীরে বসে হস্তশিল্পের খোয়াই হাট
শাল, সেগুন, পলাশ, সোনাঝুড়ি বনে দেখতে পাবে আদিবাসী নাচ।
দুঃখ, ব্যাথা ভুলে সেথা আনন্দে ভরে ওঠে মন
তুমি যাবে ভাই যাবে মোর সাথে আমাদের শান্তিনিকেতন'।



***ঘণ্টাতলা, শান্তিনিকেতন(২০১৯)***
*Source: Snigdha Bardhan*

মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ১৮৬৩ সালে শান্তিনিকেতন আশ্রম প্রতিষ্ঠা করেন। আর আমাদের প্রাণের ঠাকুর রবিঠাকুর **১৯০১** সালে এই শান্তিনিকেতনে ব্রহ্মচর্যশ্রম নামে একটি বিদ্যালয় স্থাপন করেন। পরবর্তীকালে এটি **১৯২১** সালে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়-এ রূপান্তরিত হয়। গুরুদেবের প্রাণের বিশ্বভারতী এই শিক্ষা প্রতিষ্ঠান **১৯৫১** সালে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি পায়।

রবীন্দ্র দর্শনে শিক্ষা গ্রহণে মানুষের মনে প্রকৃতি কে টানে সেই সুরের গানে শিক্ষা, প্রকৃতি ও মানুষ এক সুতোয় মিলিত হয়, গড়ে ওঠে এই তিনের নিবিড় সমন্বয়, কবি গুরুর এই শিক্ষা ধারা সূদরপ্রসারী, শেষ হবে না কোনো দিন তাঁর এই অবদান।

উপাসনা গৃহ, আম্রকুঞ্জ, মেলার মাঠ, গৌড় প্রাঙ্গণ, মাধবী বিতান, চৈত্য, তালধ্বজ, রবীন্দ্রভবন এর উত্তরায়ণে ঠাকুরের পাঁচটি গৃহ উদয়ন, শ্যামলী, কোনার্ক, উদীচী এবং পুনশ্চ। চীনা ভবন, হিন্দি ভবন, বিদ্যা-শিক্ষা- কলা ভবন নাট্যঘর শিক্ষাসত্র, পাঠভবন, সংগীত ভবন বলাকার প্রবেশ পথে পাবে কেন্দ্রীয় গ্রন্থাগার, আর আমাদের প্রিয় দর্শনসদন দেখিলে তোমার শীতল হবে দুটি নয়ন। তাঁর এই ভবন গুলি থেকে পাবে কবিগুরুর স্মৃতির আত্মকথার প্রতিচ্ছবি। এখানে পাখিদের কলতানে সন্ধ্যা নামে আর প্রভাতে উদিত হয় রবি। এসব দেখেই তুমি আনমনা হয়ে যাবে আনন্দের ঝর্ণাধারায় ভেসে যাবে তোমার মন,

তুমি যাবে ভাই যাবে মোর সাথে আমাদের শান্তিনিকেতন।

শান্তিনিকেতনে আছে শান্তির আবেশ দেশি কিংবা বিদেশি যাই হও না কেন, অবাধে করবে তুমি প্রবেশ।
সবুজ ঘাসের ডগায় ভোরের শিশির করবে তোমায় আমন্ত্রণ,
তুমি যাবে ভাই যাবে মোর সাথে আমাদের
শান্তিনিকেতন।

## PHILOSOPHICAL REFLECTIONS

# Does one's social location affect philosophisation and reproduction of knowledge?

**M P Terence Samuel**
Assistant Professor
Dept of Philosophy and Comparative Religion
Visva-Bharati, Santiniketan

Why do different people produce different ideas and opinions about the same thing? Basically, knowledge is not to be confused with opinions and beliefs, but knowledge gets tagged with opinions in very common sensical ways; and quite interestingly there are philosophical justifications saying "knowledge as justified true belief"!!! There is not even a little critical thinking about how a belief can be justified, unless valorising the traditional embeddedness and hearsays; can there be a 'true' belief? Can belief be equated with knowledge? If belief is considered to be knowledge, is knowledge personal/subjective rather than objective? Can belief be justified as knowledge? If justification is necessary to make a belief as knowledge, is it not more political than non-political? Can anything be considered as knowledge unless proved historically and materially rather through abstract logical argumentations which are far removed from reality and remotely connected to reality in symbolical ways?

Though it seems like opinions and beliefs have certain rationalising power inherent within it, the question remains how rationalisation differs from individual to individual? Normally, we hear very common-sensical reasons attributing to individuation of a particular individual, using certain arguments pertaining to liberal individualism and individual differences. How an opinionated person differs from another opinionated person in content, form and substance? Phenomenology may offer a solution that the reality appears to be different with intentionality of the perceiver. But the question still remains how the intentionality of an individual differs? Sometimes it may be attributed to the changing psychological aspects of an individual. More than that, the

phenomenologists, like Merleau-Ponty, would attribute it to the life-world of an individual which is embedded in an already structured reality.

When we observe the historical development of hermeneutics, we come to a very interesting analysis how the contextual situatedness of individuals gives rise to various interpretation of the same text. Roland Barthes valorised it as 'death of the author'. In the social and political realms, such differing interpretations have wide-ranging ramifications, as they are interluded with power; and hence production of knowledge is intricately related with power, according to Foucault. In her Can the Subaltern Speak?, Gayatri Chakravorty Spivak says that the narrativizing subject pretends as a sovereign subject as if it has produced a coherent narrative, by concealing its conscious or unconscious power or desire or interest; she categorically states that the task of the intellectuals is to disclose submerged/concealed discourses, thereby bringing forth the narrativising subject's power, desire, interest, ideology and geo-political ambitions and determinations which lie hidden in the construction of the narratives.

What Spivak meant by geo-political ambitions has been well elaborated by Edward Said in his Culture and Imperialism. Examining the epistemological aspects of cultural operations of textual/knowledge productions under socio-politically unequal imperial contexts, he says, the main battle for colonial or imperial conquest is conducted and contested for a period in the narratives and textual productions before the actual conquest of the land or the people. However, in the case of epistemological constructions and reconstructions, it is a bit more complex according to him. Even though a scholar may attempt to be impartial in his/her knowledge constructions and reproductions, the social embeddedness of the scholar is much more problematic. As the scholar belongs to a particular social location, and a class with its own set of beliefs and ideologies, it affects consciously or unconsciously the way in which the scholar produces or reproduces the knowledge; such aspects continue to impact the epistemological constructions of the scholar even though the scholar feign ignorance about it. And, quite interestingly, the situation is more problematic when the scholar co-opts with the power, feigning ignorance about the oppressive conditions.

By taking a clue from the theory of Orientalism and phenomenological hermeneutics, one can safely say that one's social location and the lifeworld affect the philosophical knowledge production. Two people from different lifeworlds and bipolarised social locations might end up offering opposite views of the same subject and phenomenon, unless one is not able to understand critically the social locational power with which cultural hegemony operates while philosophisation. Without neutralising the legally programmed asymmetry, can the philosophisation itself be progressive? Without 'unlearning' the 'inherent dominative mode' of knowledge production, as Said would say, is it possible to represent/re-present the oppressed other in the philosophisation?

# জীবনের সিঁড়ি: অস্তিত্বের অনড় উর্ধ্বযাত্রা: দার্শনিক পাঠ ও প্রতিফলন

**ফরহাদ আহমেদ**
**রিসার্চ স্কলার**

জীবনের সিঁড়ি কোনো এস্কেলেটর নয়-- এটা স্বয়ংক্রিয়ভাবে আমাদের ওপরে নিয়ে যায় না। বরং এটি হাইডেগারের ভাষায় "being-in-the-world"- একটি স্থির, জটিল, অস্তিত্বময় অবস্থান, যেখানে প্রতিটি ধাপে আমাদের নিজেকেই টানতে হয়- সময়, ক্লান্তি আর দুর্বোধ্যতার ভিতর দিয়ে। হাইডেগার বলেছিলেন- "Human existence is always a project." এই 'প্রকল্প' নিজেকে নির্মাণের, অতীত নয়, ভবিষ্যৎ নয়- বর্তমানের মধ্যে সিদ্ধান্ত নিয়ে, সিঁড়ির একেকটা ধাপ নিজে বেছে নেওয়ার।

সার্ত্র আবার বলতেন- "Man is condemned to be free." এই সিঁড়ি উঠে যেতে হয়, কারণ আমাদের স্বাধীনতা আছে-- আর সেই স্বাধীনতার দায়ও আমাদের কাঁধে। তুমি যদি না ওঠো, কেউ উঠাবে না।



Source: Getty Images, Unsplash+

মহামতি বুদ্ধের দর্শনেও পাওয়া যায় এই চিরন্তন আত্ম-উন্নয়নের আহ্বান-- তিনি বলেছিলেন, "তুমিই তোমার আশ্রয়, অন্য কেউ নয়"। এই জীবনসিঁড়ি একা উঠতে হয়- চেষ্টা, সংযম, আর সচেতনতার আলোয়।

আর উপনিষদ বলেছে: "উত্তিষ্ঠত, জাগ্রত, প্রাপ্যবরণ নিবোধত!" (উঠো, জাগো, জ্ঞানীদের কাছ থেকে জ্ঞান গ্রহণ করো) এই আহ্বানও এক ধরনের সিঁড়ি বেয়ে ওঠা- যা স্থির, কিন্তু ভিতরে গভীর গতি রয়েছে, আত্মবিকাশের।

মহাভারতে, কৃষ্ণ অর্জুনকে বলেন-

"উদ্ধরেদ আত্মনাআত্মানং নাত্মানমবসাদয়েত্। (নিজেকে নিজে উন্নীত করো, নিজেকে কখনও হীন করো না। অর্থাৎ জীবনসিঁড়ির মূলমন্ত্রই হলো এমন যে- স্ব-উন্নয়নই ধর্ম, এবং দায়িত্ব।

আর পবিত্র কুরআনে বলা হয়েছে:

"لَيْسَ لِلْإِنسَانِ إِلَّا مَا سَعَىٰ"

"Man will have nothing but what he strives for." (সূরা আন-নাজম ৫৩:৩৯) তুমি যা চাও, তা নিজেই অর্জন করতে হবে।

তোমার সিঁড়ি তুমি নিজেই উঠবে, কারণ জীবন নিজে চেষ্টা করা ছাড়া কারও দয়ায় বদলায় না।

রাসূল (সা.) বলেছেন-

"المؤمن القوي خير وأحب إلى الله من المؤمن الضعيف، وفي كل خير." (সাহিহ মুসলিম)
উচ্চারণ: “আল-মু’মিনুল ক্বাওয়ী খাইরুন ওয়া আহাব্বু ইলাল্লাহি মিনাল মু’মিনি আদ-দ্বঈফ। ওয়া ফী কুল্লিন খাইর।” অর্থ: “শক্তিশালী মুমিন দুর্বল মুমিনের চেয়ে আল্লাহর কাছে উত্তম ও অধিক প্রিয়। তবে উভয়ের মধ্যেই কল্যাণ আছে।” অর্থাৎ রাসূল (সা.) যে বলেছেন- “শক্তিশালী মুমিন আল্লাহর কাছে অধিক প্রিয়।” এ শক্তি বাহুবলের নয়, এ শক্তি ইচ্ছার, আত্মসংযমের, ও আত্মোপলব্ধির।

তাই জীবনের এই সিঁড়ি বেয়ে উঠে যেতে হয়, নিজের সীমা অতিক্রম করে, নির্ভরতা ছাড়িয়ে, একজন 'দায়িত্ববান আত্মা' হয়ে উঠতে হয়।

সারাংশে বললে:

জীবনের সিঁড়ি কোনও যান্ত্রিক সুবিধা নয়- এ এক অস্তিত্ববাদী পরীক্ষা, যেখানে উঠতে হয় নিজের বোঝা নিজের কাঁধে নিয়ে, মধ্যাকর্ষণের বিপরীতে, কারণ এই জীবন- তোমারই গড়া পথ, তোমারই ওঠা প্রয়োজন।

**English Version:**

# LIFE’S LADDER: THE ASCENT BEYOND THE SLEEVE: *PHILOSOPHICAL REFLECTIONS*

**FARHAD AHMED**
**RESEARCH SCHOLAR**

Life’s climb is never a mechanical elevator that lifts us automatically. Rather, in Heidegger’s words, it is “being-in-the-world”- a complex, restless existence where every step demands that we move ourselves, with effort, weariness, and the day-to-day struggle of existence. Heidegger reminds us, *“Human existence is always a project.”* This “project” is self-shaping, future-oriented, and demands that we make decisions at each step on our own.

Sartre echoes this when he says, *“Man is condemned to be free.”* To rise on this ladder of life, we must accept freedom- and the responsibility that comes with it. No one can climb for us.

The Buddha’s teaching carries the same call to self-awakening: *“Be your own refuge; do not seek another.”* Life’s ascent is solitary- through hardship, love, and persistent effort. The Upanishads proclaim: *“Arise! Awake! And stop not till the goal is reached.”* This too is an existential summons, urging us to inner awakening, not mere external achievement.

In the *Mahabharata*, Krishna tells Arjuna:

*"Elevate yourself by your own self; do not degrade yourself."*

The core lesson: self-development is both duty and dignity.

The Holy Qur'an affirms:

*"Man will have nothing but what he strives for."* (Surah An-Najm 53:39)

Whatever you attain must be earned by your own striving.

The Prophet Muhammad (peace be upon him) said:

*"The strong believer is more beloved to Allah than the weak believer, though in each there is goodness."*

Strength here means strength of will, inner discipline, and moral resolve.

Thus, the climb of life is never automatic. It is an existential test where one must shoulder responsibility, confront uncertainties, and rise through one's own effort-because in life, it is you who must climb; no one else can climb for you.

## বিপাশ্যনা- আত্মচেতনার এক গভীর যাত্রা

**কাকলী গুপ্ত**

**সহকারী শিক্ষিকা, অজয়পুর হাই স্কুল (উচ্চমাধ্যমিক)**

**অজয়পুর, সিউড়ী**

**প্রাক্তন ছাত্রী, দর্শন বিভাগ (১৯৯৩-১৯৯৮)**

বর্তমান দ্রুততম ও ব্যস্তময় জীবনে আমরা সকলেই গভীর অবসাদের শিকার। পারিবারিক, সাংসারিক, সামাজিক, অর্থনৈতিক ও কর্মজীবনের ঊর্ধ্বমুখী চাহিদার সঙ্গে ব্যক্তি জীবনের অসম মানসিক লড়াইয়ের পরিণাম- অবিরত মানসিক চাপ। বহির্জীবনের সঙ্গে অন্তর্জীবনের এক অদৃশ্য দ্বন্দ্ব, নিরন্তর অস্থিরতা জাগিয়ে রাখে আমাদের মনের ভেতর। আমরা শান্তি চাই, কিন্তু শান্তির খোঁজে আমরা বস্তুনির্ভর ও বহির্মুখী হয়ে পড়ছি ক্রমাগত। এর অবশ্যম্ভাবী পরিণতি হিসেবে হারিয়ে যাচ্ছে আমাদের সূক্ষ্ম মানবিক অনুভূতিগুলো। এই সীমাহীন বহির্মুখীতার ফলে ছিন্ন হয়ে যাচ্ছে আমাদের আত্মসংযোগ। **বিপাশ্যনা** ধ্যান হচ্ছে সেই মাধ্যম যা আত্মদর্শন, আত্মনিরীক্ষণ ও আত্মসংযোগ এর মাধ্যমে আমাদের আত্মার শুদ্ধি ঘটায় এবং অন্তর্মুখীনতার মাধ্যমে প্রকৃত শান্তি উপলব্ধিতে সাহায্য করে।

**বিপাশ্যনা** ভারতের অতি প্রাচীন ধ্যান পদ্ধতিগুলির মধ্যে অন্যতম যার উল্লেখ ঋক্ বেদে পাওয়া যায়। পরবর্তী সময়ে গৌতম বুদ্ধ এই বিদ্যাকে পুনঃ-প্রচলন করেন। জাতি-সম্প্রদায় নির্বিশেষে সার্বজনীন দুঃখগুলির সার্বজনীন প্রতিকার হিসেবে সেসময় এটি প্রয়োগ করার প্রচলন গড়ে ওঠে। সংস্কৃতে শব্দটির অর্থ হলো স্ব-রূপে দেখা অর্থাৎ ঠিক যেমনটি আছে সেই রূপেই দেখা। স্ব-পর্যবেক্ষণের মাধ্যমে আত্মশোধন করাই হলো **বিপাশ্যনা**।

অন্যদের বদলাবার প্রচেষ্টার পূর্বে চিত্তশুদ্ধির মাধ্যমে নিজেকে বদলে ফেলাই হলো **বিপাশ্যনা**র অন্যতম লক্ষ্য। নিঃসঙ্গ দর্শন, নিলিপ্ত নিরীক্ষণ এবং নিতান্ত অনাসক্তির মাধ্যমে চিত্তশুদ্ধি ঘটানোর প্রক্রিয়াই এই ধ্যান পদ্ধতির সারকথা। এটি এমন একটি ব্যবহারিক মনোবিজ্ঞান যা আমাদের মনের ভেতরে জমে থাকা মনোবিকার মুক্ত করে।

**বিপাশ্যনা** ধ্যান প্রক্রিয়াটি মূলত তিনটি পর্যায়ে বিভক্ত- **শীল, সমাধি** ও **প্রজ্ঞা**।

**শীল** অর্থাৎ নৈতিক আচরণ। হত্যা করা, চুরি করা, মিথ্যা বলা, যৌন অসদাচরণ এবং নেশা থেকে বিরত থাকা এই পাঁচ প্রকার বিকৃত কর্ম থেকে বিরত থাকাই হলো **বিপাশ্যনা** ধ্যান প্রক্রিয়ার মূল শর্ত।

**সমাধি** অর্থাৎ একাগ্রতা। ধ্যানের এই পর্যায়ে মন বাইরের অবলম্বনে ভর না করে নিজের শ্বাস, শরীর এবং শরীরের সংবেদনার প্রতি একাগ্র হয়, যেগুলির সঙ্গে আমাদের মনোবিকারের গভীর সম্বন্ধ আছে। এরকম একাগ্রতা আমাদের বর্তমান সময়ের মধ্যে বাঁচতে শেখায় এবং সংবেদনার প্রতি আসক্তি না জাগিয়ে দ্রষ্টা ভাবে সব কিছুকে দেখতে শেখায়। সাধারণ অবস্থায় কোন সংবেদন জাগা মাত্রই আমরা আমাদের আসক্তি ও দ্বেষের সংস্কার বাড়িয়ে ফেলি। কিন্তু এই বিধি অভ্যাসের ফলে আমরা সজাগ সচেতন হয়ে সংস্কারগুলিকে দ্রষ্টা ভাব নিয়ে দেখি, ফলে আমাদের মধ্যে নতুন করে আসক্তি বা দ্বেষ কোনটাই আর উৎপন্ন হয় না। বরং মনের মধ্যে জমে থাকা যত  আসক্তি, দ্বেষ ও মোহের পুরনো সংস্কার বিনষ্ট হতে থাকে।

**প্রজ্ঞা** অর্থাৎ অন্তর্দৃষ্টি। ধীরে ধীরে এই অভ্যাসের ফলে জগতের সমস্ত ঘটনার অস্থায়ী প্রকৃতি সম্পর্কে এক গভীর অন্তর্দৃষ্টি জাগ্রত হয়। উপলব্ধ হয় নিজের শরীর ও মনের অবিনশ্বরতার প্রজ্ঞা। আমরা বুঝতে পারি, জগতের সমস্ত কিছুই অনিত্য এবং ক্ষণিক। এর ফলে মন সমস্ত জাগতিক দুঃখ থেকে নিস্তার পায়, মন হয় বিশুদ্ধ, এবং চূড়ান্ত ফলস্বরূপ পরম সুখ ও পূর্ণ মুক্তি বা বোধি লাভ হয়।

পরিশেষে বলা যায় **বিপাশ্যনা** জীবন থেকে পালানো নয়, জীবন-বিমুখতাও নয় বরং জীবন অভিমুখী হয়ে বাঁচার প্রণালী। এটি কোন সংস্কার বা কর্মকান্ড নয় যার অনুষ্ঠান করে আমরা ধর্মের নামে আত্ম-ছলনা করে থাকতে পারি। এটি সত্যের উপাসনা। অতীতের অনুশোচনায় বিভোর না থেকে, ভবিষ্যতের কল্পনায় মশগুল না হয়ে, বর্তমান মুহূর্তে বাঁচার এক কৌশল। স্বয়ং সুখে বাঁচা এবং অন্যদের সুখে বাঁচতে দেওয়ার কল্যাণকারী জীবন পদ্ধতি।

## The Gītā Bhāṣya as a Bridge between Śruti and Smṛti: Śaṅkarācārya's Theological Strategy

**Dipankar Halder**
**Student, Post-gradute**

Śrī Śaṅkarācārya (8th century CE) stands as a defining figure in the history of Indian philosophy, particularly for establishing the non-dualistic (Advaita) interpretation of Vedānta. His commentaries (bhāṣyas) on the Upaniṣads, Brahma Sūtras, and the Bhagavad Gītā together form the foundation of Advaitic thought. Among these, the Gītā Bhāṣya occupies a special place as it interprets a Smṛti (remembered text) with the same authority as Śruti (revealed text). In doing so, Śaṅkara bridges the canonical gap between revelation and recollection, affirming the Bhagavad Gītā as a true expression of Vedic wisdom.

In traditional Hindu hermeneutics, Śruti—the Vedas and Upaniṣads—is regarded as apauruṣeya, or not of human origin, and hence the supreme authority in spiritual knowledge. Smṛti, which includes the Mahābhārata, Rāmāyaṇa, Dharmaśāstras, and Purāṇas, though inspired by Śruti, is considered secondary. The Bhagavad Gītā, being a part of the Mahābhārata, therefore belongs to Smṛti.

For Śaṅkarācārya, this hierarchy posed a theological problem. If the Gītā teaches the same liberating truth as the Upaniṣads, how could it be of lesser status? His answer was to interpret it not as an independent text but as a restatement (artha-saṅgraha) of Upaniṣadic wisdom. In this way, he

dissolves the distinction in meaning between Śruti and Smṛti while retaining their formal categories.

Śaṅkara's era witnessed philosophical contestation among rival schools such as Buddhism, Sāṅkhya, Yoga, and Mīmāṃsā. His primary aim was to re-establish the primacy of spiritual knowledge (jñāna) over ritual performance (karma). The Bhagavad Gītā, already revered by the general populace, offered a perfect scriptural medium for this synthesis.

By commenting on a text belonging to Smṛti, Śaṅkara reached beyond the ritualist elite to a broader moral and devotional community. His Gītā Bhāṣya therefore functions both as a philosophical commentary and as a strategy for democratizing Vedic spirituality.

Śaṅkarācārya's interpretive method is rooted in Upaniṣadic metaphysics. In his opening statement he declares that the Gītā was "composed by Vyāsa for the elucidation of the meaning of the Upaniṣads." Through this, he raises its Smṛti status to parity with Śruti.

His hermeneutical strategy includes three principles:

Doctrinal Continuity: Showing that the Gītā's teachings on Brahman, Ātman, and mokṣa are identical to those in the Upaniṣads.

Hierarchy of Paths: Re-interpreting karma-yoga and bhakti-yoga as preparatory to jñāna-yoga, establishing knowledge as the final liberating path.

Scriptural Harmony: Uniting the ethical dimension of Smṛti with the metaphysical truth of Śruti, so that moral duty becomes a step toward realization.

Śaṅkara interprets karma-yoga (the path of action) as an instrument of purification rather than liberation. Actions performed without attachment prepare the seeker for jñāna—direct knowledge of the Self. In this reading, he transforms the Gītā's call for duty (svadharma) into a spiritual discipline aligned with Śruti's emphasis on self-realization.

Unlike later devotional schools, Śaṅkara views bhakti as constant meditation on the nature of Brahman. True devotion, for him, is unwavering contemplation rather than emotional surrender. Thus, bhakti becomes internalized as jñāna-niṣṭhā (abidance in knowledge).

The Gītā's teaching that the Self is eternal and indestructible (2.20) echoes the Upaniṣadic doctrine of non-duality: tat tvam asi—"That Thou Art." Through such parallels, Śaṅkara demonstrates that the Gītā communicates Śruti's timeless vision in the accessible idiom of Smṛti.

Śaṅkarācārya's Gītā Bhāṣya extends the reach of Vedānta beyond monastic and ritual contexts. By elevating a Smṛti text to Śruti-level authority, he establishes that ultimate truth is not bound by textual category but by philosophical content.

For householders and lay devotees, the Gītā becomes an ethical scripture teaching detachment and self-discipline; for philosophers, it remains a metaphysical dialogue on the identity of the Self and Brahman. Śaṅkara's interpretation thus harmonizes spiritual experience and social duty—an innovation that shaped later Hindu spirituality.

The Gītā Bhāṣya profoundly influenced the development of later Vedānta. Even theologians who opposed Śaṅkara's non-dualism, such as Rāmānuja and Madhva, engaged deeply with his framework. His reconciliation of

Śruti and Smṛti also guided modern thinkers— Rammohan Roy, Swami Vivekananda, and Aurobindo—who found in the Gītā a scripture of universal relevance.

Śaṅkara's commentary thus became a model of scriptural integration: revelation (Śruti) provides metaphysical insight, remembrance (Smṛti) provides ethical and practical form, and both together express one continuous spiritual truth.

Śaṅkarācārya's Gītā Bhāṣya represents one of the most sophisticated theological syntheses in Indian philosophy. By interpreting the Bhagavad Gītā as a faithful exposition of Upaniṣadic wisdom, he bridges the conceptual divide between Śruti and Smṛti. His

approach re-centers Vedānta on the primacy of knowledge while acknowledging the preparatory value of action and devotion.

Through this integration, Śaṅkara transforms the Gītā into a living scripture that unites metaphysics, ethics, and spirituality. The bridge he builds between revelation and remembrance endures as a cornerstone of Hindu theology, affirming that truth, though expressed through many texts and traditions, remains one and indivisible.

**References:**

Clooney, F. X. (1990). Thinking Ritually: Rediscovering the Pūrva Mīmāṃsā of Jaimini. Vienna: De Nobili Research Library.

Deutsch, E. (1981). Advaita Vedānta: A Philosophical Reconstruction. Honolulu: University of Hawaii Press.

Hiriyanna, M. (1993). Outlines of Indian Philosophy. Delhi: Motilal Banarsidass.

Śaṅkarācārya. (2003). Bhagavad Gītā with the Commentary of Śrī Śaṅkarācārya (Trans. Swami Gambhirananda). Kolkata: Advaita Ashrama.


Radhakrishnan, S. (1948). The Bhagavadgītā with an Introductory Essay, Sanskrit Text, English Translation and Notes. London: George Allen & Unwin.

Sharma, C. (1997). A Critical Survey of Indian Philosophy. Delhi: Motilal Banarsidass.

# the fuzzy politics of the cute

**shruti choudhury**
**alumna**

i've been baffled by the idea and the feeling of the cute since our classes on social and political philosophy in 2024. my doubts are: why do i find certain things cute? do others experience the same feeling toward a thing or an individual? does it come from a certain position of privilege? and does it have any connection with the democratic ideal of empathy?




***a tight squeeze***

we all must have noticed how cute things are often round, small, chubby, "chonky," crying or in pain, helpless, softly coloured, fuzzy, or furred - leading us to exhibit that popular "aww..." expression. and how can we forget the aggression we sometimes feel (often termed as cute aggression) when we, for instance, want to violently squeeze the fluffy cheek of a baby? these are the moments that describe the feeling most vividly. philosopher sianne ngai, in her book our aesthetic categories: zany, cute, interesting, helped me find some possible answers to these doubts. according to her, in the early 2oth century, as commodity culture - mass production and consumer capitalism - spread, cuteness became a marketable aesthetic. prominent examples of this are found in cartoons and the way their characters are designed.

i used to love watching the penguins of madagascar as a child, and i found a character named mort irresistibly cute - helpless, wide-eyed, teary, and delightfully dumb. i felt a kind of tenderness toward it, but that tenderness was often overpowered by a desire to possess it - or at least to own something that looked like it - so that i could protect and care for it like a parent. it is here that the cute becomes an object that paradoxically invites both care and consumption.

***mort's character in the penguins of madagascar***


ngai also mentions that "there's a sort of sadism involved in our relationship to cute things."





***the care of toodles galore for jerry, in love me, love my mouse (1966, from tom and jerry tales), takes a sadistic turn.***

this impulse, though tender on the surface, carries a darker side because it depends on an unequal power relation: we are strong; they are weak. we can help, protect, and control them. their very cuteness depends on their vulnerability. in a sense, cuteness feeds on weakness - it makes us feel affection because something seems small, harmless, or incapable of hurting us. the phenomenon of cute aggression also arises from this tension. we can even see a fuzzy trace of this dynamic in the parent–child relationship, where an overprotective impulse keeps emerging.




***trapped inside overprotection***

one important thing to note is that this experience is also limited by privilege. people who live in relative comfort may often encounter such experiences, but for those from marginalized sections - constantly facing structural injustice - the aesthetic of the cute might feel distant, trivial, or even ridiculous amid the harsh realities of survival.

cuteness draws attention to fragility; it does not necessarily generate genuine democratic empathy; it is often mediated by amusement, desire to possess, or performative tenderness, rather than a deeper concern for welfare of or genuine fraternity towards the other.

it can be applied to almost anything. sometimes, we even use the word cute to escape a tense moment or to conveniently avoid deeper questions of judgment and understanding.



***michelangelo's the creation of man being turned into a cute-meme***

this is the fuzzy politics, it is how our tender feelings are entangled with power, privilege, and social conditions. it reminds us that even 'minor' aesthetic experiences are never neutral, but deeply shaped by the world we live in.

it is where power plays peek-a-boo - tender, hazy but always present. even in softness, social hierarchies quietly make themselves felt.

**notes:** *it may seem informal to write entirely in lowercase letters. but this apparent informality has a purpose - it interrupts the "simple/normal reading" and brings a sudden awareness that lowercase letters alone are sufficient to convey meaning. the initial surprise tells us how deeply we have internalized linguistic hierarchies - how habitually we privilege certain forms over others, even in something as simple as lettering. so, the choice is not an act of rebellion but of reflection. it is for an equality of expression - where no letter stands above another. punctuation itself can guide rhythm and emphasis; capitalization is not an inherent necessity. this is not alien to our linguistic world either. in languages such as bengali, hindi etc., no distinction exists between uppercase and lowercase forms, yet meaning and clarity remain intact. so, communication does not depend on graded symbols. it is, therefore, quite a statement of equality in written structure. i first got this idea through my teacher, dr. m. p. terence samuel, during my fourth semester of master's studies. having noticed his consistent use of lowercase, i once asked him why. he responded by asking in return - why must we obey the hierarchy of letters merely because grammar tells us to? he had been inspired by bell hooks, who chose to write her name in lowercase so that attention would rest on her message rather than her identity. dr. terence samuel extended this thought further by using lowercase for all words, removing even linguistic hierarchies for equality. i found this really thought-provoking and have followed the practice since.*

## THE UNHEARD VOICES OF OUR CLEANING CREW

### Interview with Sundari Tudu & Ramji Mardi

The cleanliness of our department and the library is entitled to two persons, respectively, Sundari Tudu and Ramji Mardi. They can be seen trying to make the department spotless throughout every single day. We usually address them as Sundari Masi and Ramji Masi. The term "Masi" is not a marker of age, or personal relationship, but rather a cultural title rooted in socio-cultural context. While a deeper analysis of this term is fascinating, we will set it aside for now to focus on their stories. The editors recorded their life stories on September 24, 2025, in the department's reading room. Below, their interviews are reproduced in the language they spoke to us—Bengali accompanied by English translations with only minimal edits. The Bengali transcript is written by Soumi Bhalla (Research Scholar) and the English translation is authored by Indrani Giri (Research Scholar).

**দর্শন ও তুলনামূলক ধর্মতত্ত্ব বিভাগের দুই মাসির কর্মক্ষেত্র নিয়ে সরাসরি তাদের সাথে কথোপকথন**

**১. আপনাদের নাম কী?**

**উওর:** মাসি এক: সুন্দরী টুডু। (একটু হেসে বললেন) মা বাবা রেখেছিলেন নামটি।

মাসি দুই: রামজি মাড্ডি।

**২. এই বিভাগে কাজ করছেন কতদিন হল?**

**উওর:** (সুন্দরী মাসি): চার বছর এখানে, আগে পিয়ারসন হাসপাতালের কাছে এক অফিসে কাজ করতাম।

(রামজি মাসি): পাঁচ বছর, তবে এখানে দুই বছর।

**৩. এখানে প্রতিদিন কী কী কাজ করতে হয়?**

**উওর:** (সুন্দরী মাসি) সমস্ত ক্লাসরুম, অফিস থেকে শুরু করে বাথরুম পরিষ্কার করতে হয়। এছাড়া চা করা, জল আনা এসবও করতে হয়।

(রামজি মাসি) লাইব্রেরী ঝাঁট দিতে হয় এবং মুছতে হয়। লাইব্রেরীর রুম পরিষ্কার করে মাঝে মধ্যে বইও গোছাতে হয়।

**৪. বিভাগ নিয়ে ভালো লাগা ও খারাপ লাগার বিষয় কী?**

**উওর:** (দুইজনেই একটু হেসে প্রত্যুত্তর করলেন) সবই তো ভালো লাগে। এটাই তো আমাদের কাজ। খারাপ আবার কি লাগবে, আমাদের কিছুই খারাপ লাগে না।

**৫. বিভাগকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য ছাত্রছাত্রীদের কাছে কী পরামর্শ দিতে চান?**

**উওর:** পরিস্কার করার জায়গাতে কেউ নোংরা করো না। যেখানে যেখানকার জিনিস সেটা সেখানেই রেখে দাও। পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও থাকা আমাদের দরকার।

**৬. আচ্ছা, আপনাদের কাছে কোনো স্মৃতি তো থাকবেই মনে রাখার মতো, তা কী সেটা?**

**উওর:** সবাই আর সবই তো ভালো। আমাদের কিছু মনে থাকে না, সব ভুলে যাই। আমাদের মনে রাখার মতো কিছু নেই।

**৭. কোনো মজার বা আবেগের ঘটনা আছে যা আপনারা আমাদের সাথে ভাগ করে নিতে চান?**

**উওর:** (একটু দুঃখের সাথে) রেখা দি মারা গেলেন। কত ভালো ছিলেন উনি। হাসপাতালে ভর্তি হওয়ার দুইদিন আগে এই ডিপার্টমেন্ট-এ এসেছিলেন। আমি চা করলাম, ওনাকে দিতে গেলে, উনি বললেন আমার শরীর ভালো নেই একদম, তাই খাবো না। তারপর হঠাৎ করেই চলে গেলেন।

**৮. এই বিভাগকে আরোও সুন্দর ও পরিচ্ছন্ন রাখার জন্য কী করতে হবে বলে মনে হয়?**

**উওর:** যখন যা জিনিস তা যথাসময়ে পেয়ে গেলেই ভালো যেমন - নারকেল ঝাড়ু, ফিনাইল ইত্যাদি। বাড়ির মতো এটাকেও পরিষ্কার রাখতে হয় আমাদের।

**৯. পরিষ্কার-পরিচ্ছন্নতার বাইরে আর কী কী উন্নতি আপনারা দেখতে চান?**

**উওর:** নোংরা সবসময় ডাস্টবিনে ফেলতে হবে। এ.সি. খুলে মাঝে মাঝেই ছেলেমেয়েরা চলে যায় আবার সেটাকে আমরা বন্ধ করে দিই। এগুলো দেখলে ভালো হয়।

**১০. সারাদিন কাজের মধ্যে বাড়ির জন্য মনকেমন করে?**

**উওর:** সুন্দরী মাসি: (একটু চুপ করে থাকার পর) ৫:৩০ টা হয়ে গেলে বাড়ি যাওয়ার জন্য মন ছটফট করে। নাতি-নাতনি সব থাকে তো তাই।








***Capturing moments from…***
***Conversation with our Sudari Masi & Ramji Masi (from the left in the middle frame)***

## English Translation

**1. What are your names?**

**Ans:** Masi one: Sundari Tudu. (Smiling slightly) I was so named by my parents.

Masi two: Ramji Maddi

**2. For how long have you both been working in this department?**

**Ans:** Sundari Masi: I have been working here for four long years. Prior to that, I was working in an office close to the Pearson Hospital.

Ramji Masi: I have been working in this varsity for almost five years but it has only been two years in this department.

**3. What kind of work are you two supposed to do all through the day?**

**Ans:** Sundari Masi: Our daily work includes cleaning all the rooms of the department including the bathrooms. Apart from that, as and when required we make and serve tea, fetch water and perform other such works.

Ramji Masi: We sweep and mop the floors of the department. We also clean the library area and at times even help in arranging the books of the library.

**4. What do you like and dislike about the department?**

**Ans:** Smilingly, lightly both replied that there is nothing not to like about the department. We are dedicated to maintain the cleanliness of this department.

**5. What advice would you both like to give to the students for keeping the department clean?**

**Ans:** (Jointly said) Do not spread dirt in the places that have already been cleaned. Try to keep things in their respective places. We all need to maintain cleanliness in general and personal hygiene in particular.

**6. Which particular moment stands out as the most memorable in your respective lives?**

**Ans:** (Both said) Since we are in the habit of forgetting things hence no such memory is coming to us at this moment.

**7. Can you recount any hilarious incident or an extremely emotional one?**

**Ans:** (Answered in a melancholic tone) The sudden demise of Rekha di has left behind a void.

Sundari Masi: She was a wonderful human. Even two days before being hospitalised, she was here in the department. I remember offering tea to her but since she was feeling uneasy, she declined .Then she left suddenly.

**8. How can we make the department more clean and beautiful?**

**Ans:** (Jointly replied) If we get certain things of necessity such as broomstick, phenyl and other such things on time it would be of great help. We need to keep this place as clean as our home.

**9. Apart from cleanliness what else do you want to change?**


**Ans:** (Jointly said) Always throw waste in the dustbin. At times we find the students leaving rooms without turning the A.C. off. It is then switched off by us. If the students keep a track of these and try to avoid them in future, it would bring a change.

**10. Do you ever feel home-sick?**


**Ans:** Sundari Masi: (After a short pause) When the clock reads 5:30, we become restless and feel like returning to our loved ones (grand children) at home.

# Visual Voices


## Ars Longa, Vita Brevis (Art is long, life is short)



Untitled
Artist: Shreya Singha, Student (PG)



Untitled
Artist: Shreya Singha, Student (PG)




আলোকের এই ঝর্ণাধারায় ধুয়ে যাক অচেনা পথের ধুলা — সে চলেছে, আমি শুনি তার গান...

Artist: Rajdeep Ghosh, Alumnus



নদীর ঘাটে হাওয়া বাজে, পাখির ডাকে গান,


শান্ত গ্রামের কোলে লুকিয়ে আছে প্রাণ।

Artist: Tina Mondal, Student (PG)




দশপ্রহরণধারিণী

Artist: Puja Karmakar, Student (PG)




প্রাণের ঠাকুর...

Artist: Puja Karmakar, Student (PG)




The silence of books, the voice of imagination…
Artist: Ankita Kali, Student (PG)




Untitled

Artist: Upasana Mondal, Student (UG)




Untitled

Artist: Farhad Ahmed, Research Scholar




Photographer: Phra Jakkapan Komon, Research Scholar



শান্তিনিকেতন

আমাদের শান্তিনিকেতন।
সে যে সব হতে আপন।

তার আকাশভরা কোলে
মোদের দোলে হৃদয় দোলে,
মোরা বারে বারে দেখি তারে নিত্যই নূতন।
মোদের তরুমূলের মেলা,
মোদের খোলা মাঠের খেলা,
মোদের নীল গগনের সোহাগমাখা সকাল সন্ধ্যেবেলা।
মোদের শালের ছায়াবীথি
বাজায় বনের কলগীতি,
সদাই পাতার নাচে মেতে আছে আমলকি কানন।
আমাদের শান্তিনিকেতন।

আমরা যেথায় মরি ঘুরে
সে যে যায় না কভু দূরে,
মোদের মনের মাঝে প্রেমের সেতার বাঁধা যে তার সুরে।
মোদের প্রাণের সঙ্গে প্রাণে
সে যে মিলিয়েছে এক তানে,
মোদের ভাইয়ের সঙ্গে ভাইকে সে যে করেছে একমন।
আমাদের শান্তিনিকেতন॥

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

৭ই পৌষ
১৩২৩